



জনাব খলিল আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

জনাব খলিল আহমদ গত ০৮ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র মহাপরিচালক পদে যোগদান করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন।

জনাব খলিল আহমদ বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১তম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৯৩ সালের ১লা এপ্রিল বাংলাদেশ সিভিল সার্ভিসে প্রথম যোগদান করেন। তিনি কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি মাঠ প্রশাসনে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি কেন্দ্রীয় প্রশাসনে সিনিয়র সহকারী সচিব ও উপসচিব হিসেবে অর্থ বিভাগে, National Consultant হিসেবে Deepening MTBF and Strengthening Financial Accountability Project-এ, উপসচিব হিসেবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগে, নির্বাহী পরিচালক হিসেবে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং অতিরিক্ত সচিব হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দায়িত্ব পালন করেন। তিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালনরত অবস্থায় প্রতিষ্ঠানটির ২০১০ থেকে ২০১৮ মেয়াদে প্রথমবারের মত বার্ষিক গবেষণা প্রতিবেদন সম্পাদনা করেন এবং ই-বুক হিসেবে প্রকাশিত করেন। শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এর আওতায় ২০১৭-১৮ অর্থবছরে তিনি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে স্বীকৃতি অর্জন করেন।

জনাব খলিল আহমদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি), ময়মনসিংহ থেকে ১৯৮৭ সালে কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিষয়ে বিএসসি (স্নাতক), ১৯৮৮ সালে উৎপাদন অর্থনীতি ও খামার ব্যবস্থাপনা বিষয়ে মাস্টার্স এবং ২০১৩ সালে যুক্তরাজ্যের Bradford University থেকে Economics and Finance for Development বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদানের পর হতে তিনি দেশে-বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) হতে বুনিয়াদি প্রশিক্ষণ, Administration and Development, Senior Staff Course, বাংলাদেশ মিলিটারি একাডেমী হতে Bangladesh Military Orientation Training, বাংলাদেশ প্রশাসন একাডেমী হতে Law and Administration Training গ্রহণ করেছেন।

আন্তর্জাতিক পরিমন্ডলে তিনি বিভিন্ন দেশে আন্তর্জাতিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন যার মধ্যে দক্ষিণ কোরিয়ায় Middle Manager's Course on Public Administration, ইতালিতে Financial Skill Development, চীনে Workshop on Asian Solvency Regulation and Cooperation (WASRC) অন্যতম। এছাড়াও দাপ্তরিক কাজে তিনি জার্মানি, শ্রীলংকা, জাপান, বেলারুশ, সৌদি আরব, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভারত, ভিয়েতনাম, সিংগাপুরসহ বিভিন্ন দেশে গমন করেছেন।

জনাব খলিল আহমদ ১৯৬৫ সালে ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি দুই সন্তানের জনক।